

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 25-01-2026

Time: 07:35-07:40 PM Hrs

BENGALI MORNING BULLETIN

Maan Ki Baat:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩০তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুনঃ প্রচার করা হবে।

Republic day, DGP:

এদিকে, রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ গতকাল বলেছেন, প্রজাতন্ত্র দিবস উপলক্ষে রাজ্যজুড়ে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। শ্রী অনুরাগের উপস্থিতিতে গতকাল আসাম রাইফেলস ময়দানে প্রজাতন্ত্র দিবস উপলক্ষে বিভিন্ন বাহিনীর কুচকাওয়াজের চূড়ান্ত মহড়া অনুষ্ঠিত হয়। শ্রী অনুরাগ সাংবাদিকদের বলেন, প্রজাতন্ত্র দিবস উপলক্ষে রাজ্যের সীমান্তে বিএসএফের সঙ্গে ত্রিপুরা পুলিশও টহল দিচ্ছে। রাজ্য পুলিশের সঙ্গে কেন্দ্রীয় আধা সামরিক বাহিনীর জওয়ানরা বিভিন্ন এলাকায় মোতায়েন করা হয়েছে।

CM-Greetings:

আগামীকাল ৭৭ তম প্রজাতন্ত্র দিবস। এই উপলক্ষে রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু আজ সন্ধ্যায় জাতীয় উদ্দেশ্যে ভাষণ দেবেন। প্রজাতন্ত্র দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, আমাদের সংবিধান আমাদের গর্ব। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে আমাদের দেশ কৃষি শিল্প, শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিরক্ষা অর্থনীতি সহ নানা ক্ষেত্রে এগিয়ে গেছে। গোটা বিশ্বে ভারত আজ এক অনন্য শক্তি হিসেবে আত্মপ্রকাশ করেছে।

PM, Rojgarmela:

সারা দেশে গতকাল অষ্টাদশ জাতীয় রোজগার মেলা অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভার্চুয়ালি রোজগার মেলার উদ্বোধন করে বলেন, সরকার দেশে এবং বিদেশে যুবকদের জন্য নতুন সুযোগ তৈরী করার চেষ্টা করছে। তিনি বলেন, ভারত বেশ কয়েকটি দেশের সঙ্গে বাণিজ্য ও গতিশীলতা চুক্তি স্বাক্ষর করছে যা দেশের দক্ষ যুবকদের জন্য সুযোগ উন্মুক্ত করে। দেশের শক্তিশালী অর্থনীতির কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, এটি বিশ্বের একমাত্র অর্থনীতি যা এক দশকের মধ্যে তার জিডিপি দ্বিগুণ করেছে। তিনি বলেন, আজ ১০০ টিরও বেশি দেশ বিদেশী প্রত্যক্ষ বিনিয়োগ, এফডিআইএর মাধ্যমে ভারতে বিনিয়োগ করছে, যা ২০১৪ সালের আগের দশকের তুলনায় সরাসরি বিদেশী বিনিয়োগের প্রবাহ আড়াই গুণেরও বেশি বৃদ্ধি পেয়েছে।

Rojgar Mela- State:

কেন্দ্রীয় কঠলা ও খনি প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র দুবে গতকাল আগরতলার শালবাগানে ত্রিপুরার সীমান্তরক্ষী বাহিনীর ফ্রন্টিয়ার সদর দপ্তরে আয়োজিত রোজগার মেলায় মোট ১৭৪ জন প্রার্থীর হাতে নিয়োগপত্র তুলে দেন। গতকালের নিয়োগপ্রাপ্তদের মধ্যে ১৩৩ জন পুরুষ এবং ৪১ জন মহিলা।

National Voters Day:

আজ ১৬ তম জাতীয় ভোটার দিবস। জাতীয় ভোটার দিবস উপলক্ষে নয়া দিল্লিতে আয়োজিত মূল অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন রাষ্ট্রপতি প্রেসিডেন্সি মুর্মু জাতীয় ভোটার দিবসে, ভারতীয় গণতন্ত্রে এই দেশের নাগরিকরাই মূল, এই ভাবনায় এ বছর জাতীয় ভোটার দিবসের মূল থিম নির্ধারণ করা হয়েছে “মাই ইন্ডিয়া মাই ভোট” অর্থাৎ “আমার ভারত আমার ভোট”।

ত্রিপুরায় এই দিবসটিও উদযাপন করা হবে। এই উপলক্ষে আজ সকালে রাজ্যপাল ইন্দ্র সেনা রেজিড নাল্লু মোহনপুরের হেজামারায় জে এন বি স্কুলে আয়োজিত অনুষ্ঠানে অংশ নেবেন।

VB G RAM G- CM:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন তি বি জি রাম জি আইন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ২০৮৭ সালে বিকশিত ভারত ও বিকশিত ত্রিপুরা গঠনের ক্ষেত্রে একটি গ্রামীণ পদক্ষেপ। গতকাল আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে প্রদেশ বিজেপি কর্মী সমর্থকদের নিয়ে আয়োজিত এক কর্মশালায় তিনি একথা বলেন। তিনি বলেন, বিকশিত ভারত-গ্রামান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন (গ্রামীণ) বা ডিবি জি রামজি MGNREGA গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের একটি উল্লেখযোগ্য সংস্কার এবং প্রতিস্থাপন। যার লক্ষ্য ১২৫ দিনের

কাজের নিশ্চয়তা, পরিকাঠামোর সঙ্গে সংযুক্তকরণ এবং ডিজিটাল বাস্তবায়ন জোরদার করে আয় সুরক্ষা বৃদ্ধি করা। কর্মশালায় উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মন প্রমুখ।

Suryaghar muft Bijli:

সূর্য়ঘর মুক্ত বিজলি যোজনায় ৭ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের গঙ্গা পেরিয়েছে রাজ্য। গতকাল বিদ্যুৎ নিগমের জনসংযোগ আধিকারিক বিপুল ডোমিক জানান, রাজ্য ইতিমধ্যেই ১৭ হাজার ৬০১ জন বিদ্যুৎ গ্রাহক এই প্রকল্পে নাম নিবন্ধন করেছেন। এর মধ্যে ২ হাজার ৬১টি বাড়িতে সোলার প্যানেল বসানোর কাজ সম্পূর্ণ হয়েছে তিনি জানান, নিগমের লক্ষ্য আগামী এক বছরের মধ্যে রাজ্য সৌর বিদ্যুৎ উৎপাদন ৫০ মেগাওয়াটে নিয়ে যাওয়া।

DONER Minister, North:

ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া গতকাল ধর্মনগরের কদমতলার বড়গোল গ্রামে আশি কোটি টাকার আগর প্রতিক্রিয়াকরণ প্রকল্পের শিলান্তাস করেন। তিনি বলেন, এই এলাকায় আগর শিল্প একসময় দিশাহীন অসংগঠিত শিল্প ছিল। কিন্তু বর্তমানে সরকার একে সংগঠিত করার উদ্যোগ নিয়েছে। এখানকার আগরের শুধু দেশব্যাপী নয় বিশ্বব্যাপী বাণিজ্যকরণের জন্য উদ্যোগ নেওয়া হবে।

অনুষ্ঠানে বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্তনা চাকমা, সমাজকল্যাণ এবং সমাজ শিক্ষা মন্ত্রী টিক্কু রায়, বিধায়ক যাদবলাল নাথ, উপস্থিত ছিলেন।

School Judo:

মণিপুরে অনুর্ধ্ব ১৭ জাতীয় স্কুল জুড়ো প্রতিযোগিতায় ত্রিপুরাকে ব্রোঞ্জ পদক এনে দিল ত্রিপুরা স্পোর্টস স্কুলের জুড়োকার সিয়ামী চাকমা। ৩৬ কেজি বিভাগে ব্রোঞ্জ জয় করে সিয়ামি। গতকাল থেকে শুরু হয়েছে আসর। এছাড়া বালক বিভাগে অরূপম চাকমা অল্লের জন্য পদক হাতছাড়া করে। এদিকে পশ্চিমবঙ্গের হাওড়ায় অনুষ্ঠিত জাতীয় জুনিয়র জুড়ো প্রতিযোগিতায় ত্রিপুরা স্পোর্টস স্কুলে জুড়োকা রিকসন দেববর্মা ব্রোঞ্জ পদক জয় করে।

Ranji Trophy:

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় ত্রিপুরা দল সফরকারী উত্তরাখণ্ডের বিরুদ্ধে সরাসরি পরাজয় এড়াতে লড়াই করছে। আগরতলার MBB স্টেডিয়ামে গতকাল ম্যাচের তৃতীয় দিনে তাদের দ্বিতীয় ইনিংসে উত্তরাখণ্ডের প্রথম ইনিংসের থেকে ৫৪ রানে পিছিয়ে থেকে ত্রিপুরা দল আজ তাদের খেলা শুরু করবে। গতকাল দিনের শেষে ত্রিপুরা দল ৮ উইকেটের বিনিময়ে ২৪৭ রান করেছে।

Weather :

আজ আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১১ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস।
